# মহাসড়কে কোনো থ্রি-হুইলার চলবে না: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

মহাসড়কে থ্রি-হুইলার চলাচল বন্ধে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, মহাসড়কে কোনো ধরনের থ্রি-হুইলার চলতে দেওয়া হবে না।

মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের মেঘনাঘাট এলাকায় অটো সুপার ফাইন সিস্টেম এআই ক্যামেরার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, থ্রি-হুইলারগুলো মহাসড়কের পরিবর্তে বাজার, ফিলিং স্টেশন ও পিডার রোডে চলাচল করতে পারবে। নির্ধারিত নির্দেশনা না মানলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মহাসড়কে এআই ক্যামেরা ব্যবহারের বিষয়ে তিনি বলেন, অতিরিক্ত গতিতে গাড়ি চালানো, অবৈধভাবে পার্কিং এবং উল্টো পথে গাড়ি চলাচলসহ বিভিন্ন ধরনের ট্রাফিক আইন লঙ্ঘন ক্যামেরার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে শনাক্ত হবে।

আইন ভঙ্গের পর সংশ্লিষ্ট গাড়ির নিবন্ধিত মালিকের মোবাইল নম্বরে মামলার তথ্য ও জরিমানার নোটিশ পাঠানো হবে। পরে অনলাইনে ঘরে বসেই জরিমানার অর্থ পরিশোধের সুযোগ থাকবে।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, মহাসড়কে এআই ক্যামেরার নজরদারি বাড়ানো হলে পরিবহন খাতে চাঁদাবাজি কমানো সম্ভব হবে। মালিক বা শ্রমিক—যে পক্ষই চাঁদাবাজির সঙ্গে জড়িত থাকুক, ক্যামেরার রেকর্ডের মাধ্যমে তা শনাক্ত করা যাবে।

LENS ASIA